

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৮.১৮-২৩

তারিখ: ১ মাঘ ১৪২৫

১৪ জানুয়ারি ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৮৩৮২/২০১৮ মামলায় ১৬.০৭.২০১৮খ্রি: তারিখের প্রদত্ত
রায়/নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: (১) ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়ের স্মারক নং- ই আবি/রেজি/প্রশা/যা.গ/ব/র- ১৪/২০১৬/২৮১৩ তারিখ:
০৪.০৪.২০১৭খ্রি:।

(২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-পরী/(গো)/ সনদ/যাচাই/২৭০১(২) তারিখ: ২১.০৫.২০১৭খ্রি:।

(৩) পিটিশনারের আবেদন তারিখ: ০৭.০৬.২০১৭ খ্রি:।

(৪) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (মাদ্রাসা শাখা-০১) এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৫০.১৭-২০৬
তারিখ: ০৫.০৭.২০১৮খ্রি:।

(৫) রিট পিটিশন নং-৮৩৮২/২০১৮ মামলার রায় তারিখ: ১৬.০৭.২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রুতিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে
যে, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলাধীন সোনাখুলি মুন্সিপাড়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব আ. ব. ম. মনসুর আলীর উপর
কতিপয় অভিযোগ আনয়ন করে ০৭.০৬.২০১৭ খ্রি: তারিখে জনৈক কাজী মইনুল ইসলাম কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে একটি
অভিযোগ আবেদন করা হয়। অভিযোগ আবেদনে উল্লিখিত অভিযোগ সমূহের বিষয়ে নিষ্পত্তির প্রক্রিয়া চলাকালে জনৈক কাজী
মইনুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্টে একটি রিট পিটিশন মামলা দায়ের করা হয়, যার নং-৮৩৮২/২০১৮।

০২. উক্ত মামলায় ১৬.০৭.২০১৮খ্রি: তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ রায় প্রদান করা হয়:

“We are not inclined to issue any Rule in this matter at this stahe Rather
considering the application and the submission of the learned Advocate for
the applicant we direct the respondent No. 3 the Director General,
Directorate of Madrasha Education, Redcrescnt Borak Tower, Level-03,
37/3A, Escaton Guarden Road, Ramna, Dhaka to dispose of the application
(Annexure-C) filed by the applicant within 01 (one) month on receipt of this
order without any fail.”

০৩. মহামান্য হাইকোর্টের উপরোক্ত নির্দেশনা অনুযায়ী পিটিশনারের আবেদনটি নিম্নরূপে নিষ্পত্তি করা হলো।

ক. জন্ম তারিখ সংক্রান্ত অভিযোগ:

সূত্রে বর্ণিত ০১,০২ ও ০৪ নং স্মারকের মাধ্যমে প্রাপ্ত কাগজ পত্র পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে দেখা যায় যে, অধ্যক্ষ,
জনাব আ. ব. ম. মনসুর আলীর বিরুদ্ধে আনীত জন্ম তারিখ সংক্রান্ত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি দেয়া হয়েছে।

খ. নিয়োগ সংক্রান্ত অভিযোগ:

সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে ইসলামী আরবী বিশ্ব বিদ্যালয় কর্তৃক উপস্থাপিত তদন্ত প্রতিবেদন এবং মাদ্রাসা শিক্ষা

অধিদপ্তরে বর্ণিত অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, অধ্যক্ষ জনাব আ. ব.ম মনসুর আলীর নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে। এ সংক্রান্ত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি দেয়া হলো।

গ. ভূয়া করনিক নিয়োগ, সভাপতি ও অন্যদের স্বাক্ষর জাল, ব্যাংকে টাকা জমা না রাখা সহ অন্যান্য অভিযোগ:

সূত্রে বর্ণিত ০১ নং স্মারকের মাধ্যমে ইসলামী আরবী বিশ্ব বিদ্যালয় কর্তৃক উপস্থাপিত তদন্ত প্রতিবেদন এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে বর্ণিত অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, অধ্যক্ষ জনাব আ. ব.ম মনসুর আলীর উপর উল্লেখিত অভিযোগ সমূহ উদ্দেশ্য প্রনোদিত ও ব্যক্তিগত স্বার্থ হাসিলের উদ্দেশ্যে আনা হয়েছে। ফলে তাঁকে বর্ণিত অভিযোগ সমূহ থেকে অব্যাহতি দেয়া হলো।

০৪. পিটিশনার জনাব কাজী মইনুল ইসলাম কর্তৃক দাখিলকৃত আবেদনে বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ, জনাব আ. ব. ম. মনসুর আলীর উপর আনীত অভিযোগ সমূহের বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং ইসলামি আরবী বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী এবং অধ্যক্ষ কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক যাচাই বাছাইঅন্তে তাঁকে (জনাব আ. ব. ম মনসুর আলী) বর্ণিত অভিযোগ সমূহ থেকে অব্যাহতি দেয়া হলো।

০৫. এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনা অনুযায়ী মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৮৩৮২/২০১৮ মামলায় ১৬.০৭.২০১৮খ্রি: তারিখের প্রদত্ত রায়/নির্দেশনা নিষ্পত্তি করা হলো। নিষ্পত্তিকরণের বিষয়টি মহোদয়কে নির্দেশক্রমে অবহিত করা হলো।

Najnin

১৫-১-২০১৯

নাজনীন সুলতানা

সহকারী পরিচালক

কাজী মইনুল ইসলাম

পিতা :মৃত মোবারক আলী লেন ৩/ক, সৈয়দপুর পৌরসভা
সৈয়দপুর, জেলা নীলফামারী

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৮.১৮/১(৬)

তারিখ: ১ মাঘ ১৪২৫

১৪ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।

২) জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।

৩) উপজেলা মাধ্যমিক অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

৪) সভাপতি, সোনাখুলি মুন্সিপাড়া কামিল মাদ্রাসা, ডাক ও উপজেলা: সৈয়দপুর, জেলা নীলফামারী।

৫) অধ্যক্ষ, সোনাখুলি মুন্সিপাড়া কামিল মাদ্রাসা, ডাক ও উপজেলা: সৈয়দপুর, জেলা নীলফামারী।

৬) অফিস কপি।

Najnin

১৫-১-২০১৯

নাজনীন সুলতানা

সহকারী পরিচালক